

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৮২

আগরতলা, ১০ আগস্ট, ২০২৪

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন
নির্বাচনের ফলাফল নিয়ে রাজ্য
নির্বাচন কমিশনের ওয়েবসাইটে মহড়া

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ফলাফল ঘোষণা সম্পর্কিত বিষয় নিয়ে আজ রাজ্য নির্বাচন কমিশনের ওয়েবসাইটে একটি মহড়ার (ড্রাই রান) আয়োজন করা হয়। রাজ্য নির্বাচন কমিশনের সচিব এক বিজ্ঞপ্তিতে জানান যে, এই মহড়ার বিষয়ে কিছু কিছু সংবাদমাধ্যমে বিভ্রান্তিমূলক তথ্য প্রকাশিত হয়েছে। বিজ্ঞপ্তিতে রাজ্য নির্বাচন কমিশনের সচিব মহড়া সম্পর্কিত এ ধরনের বিভ্রান্তিমূলক তথ্যের প্রতিবাদ জানিয়েছেন।
